

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৪.০১৩.২৪.১১০

তারিখ : ২৯ ডিসেম্বর ২০২৫ খ্রি.


### প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন Support the Improvement of the Broadcasting Environment for NIMC (SIBE-NIMC) শীর্ষক প্রকল্পের জন্য Radio Promotion Association (RAPA), দক্ষিণ কোরিয়া থেকে ২০২৩ সালে টিভি স্টুডিও যন্ত্রপাতি, ২০২৪ সালে Media Asset Management (MAM) system এবং ২০২৫ সালে শ্যুটিং ভ্যান ও অন্যান্য যন্ত্রপাতি সহ মোট ১২৩০.৫০ লক্ষ টাকা মূল্যের যন্ত্রপাতি অনুদান প্রদান করা হয়।

দীর্ঘ তিন বছরে দুইটি প্রতিষ্ঠানের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দৃঢ়করণ ও শ্যুটিং ভ্যান হস্তান্তরের জন্য ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখ সোমবার সকাল ১০:৩০ ঘটিকায় RAPA-NIMC Friendship Ceremony ও শ্যুটিং ভ্যান হস্তান্তর অনুষ্ঠান জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কোরিয়া দূতাবাসের কাউন্সিলর Heajung Kim এবং RAPA (Radio Promotion Association) এর পরিচালক Seo Chang Ho উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত যুগ্ম সচিব মোঃ আলতাফ হোসেন, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মুহম্মদ হিরুজ্জামান এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

ফিতা কেটে শ্যুটিং ভ্যান হস্তান্তর করেন কোরিয়ান দূতাবাসের কাউন্সিলর, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব), রাপা পরিচালক, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক। অনুষ্ঠানে রাপা ও জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তিনবছরের কার্যক্রম নিয়ে আলোচনা করেন (SIBE-NIMC) প্রকল্পের প্রকল্প পরিচালক মোহাম্মদ আবু সাদেক। আরো বক্তব্য রাখেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ আলতাফ হোসেন, রাপা পরিচালক Seo Chang Ho ও কোরিয়া দূতাবাসের কাউন্সিলর Heajung Kim বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, নিমকোর কর্মকর্তাগণ ও মিডিয়ার কর্মীরা উপস্থিত ছিলেন। রাপা কর্তৃপক্ষ জাতীয় গণমাধ্যমের প্রতি সমর্থন ও সহযোগিতা অব্যাহত রাখার বিষয়ে তাদের প্রত্যাশার কথা পুনর্ব্যক্ত করেন। বক্তারা আশা প্রকাশ করেন SIBE-NIMC প্রকল্প জনকল্যাণে আরো অবদান রাখবে।



ইসমত জাহান চৌধুরী

সহকারী পরিচালক

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা

### বিতরণ:

- ১। মুখ্য বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। কার্যালয় নথি।